

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

হাই স্কুল সমমানের (এইচএসই) ডিপ্লোমা বলতে কী বোঝায় এবং তা দিয়ে আমি কী করতে পারি?

হাই স্কুল ডিপ্লোমা গ্রাজুয়েশনের একটি বিকল্পপথ(যা আগে জিইডি নামে পরিচিত ছিলো)। এটি গ্রাজুয়েশন পরবর্তী জীবনে আপনার জন্য আরও বড় সুযোগের সৃষ্টি করবে যার অন্তর্ভুক্ত কলেজ এবং পেশাজীবনের প্রশিক্ষণ কর্মসূচি। আপনার যদি ইতোমধ্যে কোন চাকরি থাকে, এইচএসই ডিপ্লোমা আপনার পেশাগত সুযোগ এবং আয় আরও বৃদ্ধি করবে!

রেফারাল সেন্টার কী?

আপনার শিক্ষা সম্পর্কিত সব ধরনের প্রশ্নের উত্তর যেখানে পেতে পারেন সেসব স্থান রেফারাল সেন্টার নামে পরিচিত। আপনাকে বিনা খরচে এইচএসই কর্মসূচিতে ভর্তি, এবং/অথবা হাই স্কুল বিকল্পসমূহের ব্যাপারে আমরা সহায়তা করতে পারি। এছাড়া আমরা অন্য বিভিন্ন সহায়ক পরিষেবা যেমন কাউন্সেলিং, পেশাগত প্রশিক্ষণ, এবং মাদকাসক্তির চিকিৎসার জন্যও রেফারাল প্রদান করতে পারি।

পাথওয়েজ টু গ্রাজুয়েশন (পিটুজি) অর্থ কী?

পিটুজি ডিস্ট্রিক্ট ৭৯-এর একটি বিনাখরচের কর্মসূচি যা ১৮-২১ বছর বয়সী শিক্ষার্থীদেরকে টিএসএসসিSM পরীক্ষা দেয়া (পূর্বে যা জিইডি[®] পরীক্ষা হিসেবে পরিচিত ছিল), আপনার এইচএসই ডিপ্লোমা অর্জনে, এবং কলেজ ও পেশাজীবনের বিভিন্ন সুযোগের জন্য প্রস্তুত করে।

প্রচলিত পদ্ধতির স্কুল আমার বেলায় কাজে আসেনি।

পিটুজি কীভাবে ভিন্ন?

পিটুজি-তে, আমরা ক্লাসরুমের শিক্ষা ছাড়াও শিক্ষার্থীদেরকে আরও অনেক কিছু প্রদান করি। পিটুজি-এর শিক্ষকগণ নানান বিচিত্র পরিবেশে ক্লাস নেন যেমন হাসপাতাল, অলাভজনক কমিউনিটি সেন্টার এবং হাই স্কুলে। আমাদের কাউন্সেলরগণ কলেজ এবং কর্মক্ষেত্রে সফলতার জন্য আপনার যে দক্ষতার প্রয়োজন তা গড়ে তুলতে সহায়তা দেবেন। কলেজ এবং পেশাগত প্রশিক্ষণ আপনার ভবিষ্যত পরিকল্পনায় সহায়তা দেবেন। আমাদের ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টাল প্রোগ্রাম পেশাগত প্রশিক্ষণ এবং বেতনসহ ইন্টারশিপের সুযোগ দেয়।

আমার বয়স ২১ এর বেশি। আমি কীভাবে এইচএসই ডিপ্লোমা অর্জন করতে পারি?

আপনার বয়স যদি ২১ বছরের বেশি হয়, অফিস অব অ্যাডাল্ট অ্যান্ড কন্টিনিউয়িং এডুকেশন আপনাকে এইচএসই ডিপ্লোমা অর্জনে সহায়তা দিতে পারে। আরও তথ্যের জন্য www.oacnyc.org সাইট দেখুন।

সুবিধাজনক স্থানে অবস্থিত ৬টি ঠিকানা

এখানে রেজিস্টার করুন

Bronx 718.518.3320
1010 Rev James A Polite Ave, Room 436
ট্রেন: 2 অথবা 5 ট্রেনে Prospect Ave
বাস: Bx4, Bx6, Bx17

Downtown Brooklyn 718.935.9457
69 Schermerhorn Street
ট্রেন: 2,3,4,5 ট্রেনে Borough Hall; A, C, F, R ট্রেনে Jay Street/Metro Tech; D, B, N, ট্রেনে Dekalb Ave
বাস: B52, B26, B41, B103, B45, B57

Brooklyn Marcy Avenue 718.636.5770
832 Marcy Ave, Room 203
ট্রেন: A ট্রেনে Nostrand Ave
বাস: B26, B43, B44, B52

Manhattan 212.244.1274
269 West 35th Street, at 8th Ave, 11th Fl
ট্রেন: 1, 2, 3, A, B, C, D, E, F, N, Q, R ট্রেনে 34th St
বাস: M10, M11, M16, M20, M34

Queens 718.739.2100
162-02 Hillside Ave
ট্রেন: E, F ট্রেনে Parsons Blvd
বাস: Q25, Q34, Q43, Q65

Staten Island 718.273.3225
450 St. Marks Place
বাস: S42, S46, S48, S51, S61, S62, S66, S67, S74, S76, S78

আরও তথ্যের জন্য

রেফারাল সেন্টার হটলাইন: 718.557.2525

ইমেইল: ReferralCenters@schools.nyc.gov

ওয়েবসাইট: path2grad.org

T&I 22389 (Bengali)



Pathways
to Graduation

Preparing for high school equivalency and beyond



Pathways
to Graduation
Preparing for high school equivalency and beyond

আপনি কি ডিপ্লোমা করতে আগ্রহী?

আমাদের সাথে সেটি অর্জন করুন

১৮-২১ বছর বয়সী শিক্ষার্থীদের জন্য বিনাখরচে ডিপ্লোমা অর্জন কর্মসূচিসমূহের তথ্য ভিতরে দেয়া আছে।

আপনার সাফল্যের সহায়তায় নিবেদিত

আপনি কীভাবে শুরু করেন সেটি কোন বিষয় নয়...
কীভাবে শেষ করেন সেটিই বড় ব্যাপার!

NEW JERSEY



একটি ঠিকানা খুঁজে নিন এবং
রেজিস্টার করুন



উপস্থিত থাকুন এবং
কাজ করুন



পরীক্ষা দিন

আপনার নিকটতম রেফারাল সেন্টার খুঁজে নিয়ে সেখানে রেজিস্টার করুন। একজন অভিজ্ঞ গাইডেন্স কাউন্সেলর অথবা সমাজকর্মীর সাথে মিলিত হয়ে এবং ভর্তি পরীক্ষা দেবার পর, আমরা আপনাকে ৫টি বরোর ৬৫টি সাইটের একটিতে রেজিস্টার করতে সহায়তা দেবো।

অধিকাংশ ক্লাস সকালে হয়। আপনাকে একটি ব্যক্তিগত বিবৃতি, রেজুমে ও কভার লেটার তৈরি, এবং অ্যাকাডেমিক প্রজেক্ট করতে হবে। আপনাকে একটি ব্যক্তিক শিক্ষা পরিকল্পনাও তৈরি করতে হবে। এসবে ন্যূনতম ৬ সপ্তাহ লাগে, কিন্তু ভর্তি পরীক্ষা এবং কত ঘন ঘন আপনাকে ক্লাসে উপস্থিত থাকতে হয় তার উপর নির্ভর করে এর চেয়ে বেশি সময়ও লাগতে পারে। আপনি যত বেশি ক্লাসে যাবেন, তত তাড়াতাড়ি এইচএসই ডিপ্লোমা অর্জন করবেন!

২০১৪-এর জানুয়ারিতে, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট জিইডি® পরীক্ষাটি পরিবর্তিত করে টিএসটি™ নামকরণ করে। টিএসটি™ একটি চ্যালোঞ্জিং পরীক্ষা, কিন্তু পিটুর্জি শিক্ষক এবং কর্মীগণ আপনাকে এটিতে পাস করতে প্রস্তুত করবে। পরীক্ষার ৫টি সেকশন রয়েছে এবং এটি ৭ ঘণ্টার পরীক্ষা। যখন আপনি টিএসটি™ পরীক্ষা পাস এবং এইচএসই ডিপ্লোমা অর্জনের প্রস্তুতি নেন, কলেজ এবং ক্যারিয়ার রিসোর্স সেন্টার আপনাকে পরবর্তী পদক্ষেপের প্রস্তুতিতে সহায়তা প্রদান করবে।

STATEN ISLAND

NYC
Department of
Education

District 79
Alternative Schools & Programs

**Pathways
to Graduation**
Preparing for high school equivalency and beyond



সাফল্য!

কঠোর পরিশ্রমের ফলে, আপনি টিএসটি™ পরীক্ষায় পাস করবেন এবং গ্রাজুয়েট হবেন। নতুন এবং উৎসাহব্যঞ্জক শিক্ষা এবং পেশাগত সুযোগ লাভে এইচএসই ডিপ্লোমা অর্জন একটি গুরুত্বপূর্ণ ধাপ!